

দি ফয়জে আ'ম এন্টারপ্রাইজ এর নিবন্ধন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর
আদেশনামা

আপীল নং-৮৮৬/২০২০

তারিখঃ ২২/১২/২০২০

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১২/০১/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেস্পীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ০৭/১১/২০২০ পর্যন্ত। এজেস্পীটি নবায়ন আবেদন দাখিল করেছে ২৫/১১/২০২০ তারিখ। তাঁদের এজেস্পীর নিবন্ধন আবেদনে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ১০ লক্ষ টাকার উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ না থাকা এবং নির্ধারিত সময়ে নবায়ন না করার কারণে ২৬/১১/২০২০ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ২৩/১২/২০২০ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেস্পীর মালিক জানান যে, ১০ লক্ষ টাকা উল্লেখিতসহ ব্যাংক সলভেন্সী সনদ পেতে দেরী হওয়ায় নবায়ন আবেদন দাখিল করতে কয়েক দিন দেরী হয়। বর্তমানে ১০ লক্ষ টাকা উল্লেখিত ব্যাংক সলভেন্সী সনদসহ আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়নপত্র, অফিস ভাড়ার চুক্তিনামা ও ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন। নবায়নের আবেদনের ক্ষেত্রে ভবিষ্যতে যথাসময়ে আবেদন দাখিল করবেন বলেও শুনানীতে এজেস্পীর মালিক মৌখিকভাবে অঙ্গীকার করেছেন। আপীলকারীর বক্তব্য গ্রহণ করা হল। অত্রাফিসের ২৬/১১/২০২০ তারিখের নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিলাদেশ রহিত করা হলো। সার্বিক বিবেচনায় এজেস্পীর নিবন্ধন সনদ নবায়ন প্রদানের জন্য নিবন্ধন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত/১২/০১/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রঃপর্যঃ ও পরিঃ) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৮৮৬.২০২০-৮২</p> <p>তারিখঃ ১২/০১/২০২১ইং।</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৪) জেলা প্রশাসক, সিলেট। ৫) কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট। ৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সিনিয়র সহকারী সচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব ফখরুল ইসলাম, স্বত্বাধিকারী, দি ফয়জে আ'ম এন্টারপ্রাইজ, ০১ ইদ্রিস ভবন, মহাজনপট্টি (২য় তলা), সিলেট। <p>মিজানুর রহমান অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়</p>	